জাতীয় সংসদ সচিবালয়ের আওতায় ২০১৫-১৬ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সারসংক্ষেপ

ক্র: নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	জাতীয় সংসদ সচিবালয়	০১টি	-	১	-	-	১	১ বছর ৯মাস (৪৩.৭৫%)	-	-

০১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা: ০১টি

০২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ:

আলোচ্য প্রকল্পের মূল মেয়াদ ৩০ জুন ২০১৪ তারিখে সমাপ্তিতে প্রকল্পের অধীনে নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান Oxford Policy Management Limited স্থানীয় পরামর্শক প্রতিষ্ঠান HB Consultant এর সহযোগীতায় বাংলাদেশ জাতীয় সংসদ ফাইনান্সিয়াল কমিটিসমূহের দৈনন্দিন কার্যাবলীকে আধুনিকায়নের জন্য প্রস্তুতকৃত MIS-টি অসম্পূর্ণ অবস্থায় হস্তান্তর করে। উক্ত MIS-টিকে কার্যকর ও ব্যবহার উপযোগী করার নিমিত্ত পরবর্তীতে প্রকল্পের মেয়াদ ১৮ মাস অর্থাৎ ডিসেম্বর ২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হয়। বর্ধিত মেয়াদে উক্ত অসম্পূর্ণ কাজটি সম্পন্নের জন্য চুক্তি সংশোধনের মাধ্যমে ঐ প্রতিষ্ঠানকে পুনরায় নিয়োগ দেয়া হয়। কিন্তু পরামর্শ প্রতিষ্ঠান বর্ধিত মেয়াদে উক্ত কাজটি সম্পন্নের জন্য ইতোপূর্বে MIS প্রস্তুতে জড়িত স্থানীয় পরামর্শক প্রতিষ্ঠান HB Consultant-কে সমযোতায় আনতে ব্যর্থ হয়। ফলে তারা IECL নামক স্থানীয় আরেকটি প্রতিষ্ঠানকে নিয়োজিত করে। অসম্পূর্ণ কাজটি সম্পর্ণ করতে প্রকল্পের মেয়াদ অরো ৩ (তিন) মাস অর্থাৎ মার্চ ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

০৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

ক্রম	সমস্যা	ক্রম	সুপারিশ
১।	মূল অনুমোদিত ডিপিপিতে বাস্তবায়নকাল ৩ বছর থাকলেও সংশোধনের সময় বাস্তবায়নকাল আরও ১বছর ৯ মাস বাড়ানোর ফলে মোট বাস্তবায়ন কাল হয় ৪ বছর ৯ মাস। এতে মেয়াদ বৃদ্ধি পায় ৪৩.৭৫%;	১।	সময় বৃদ্ধির সাথে সাথে কিছু কিছু খাতের ব্যয় (যেমন-জনবলের বেতন ভাতা, যানবাহন মেরামত/পরিচালন ইত্যাদি)বৃদ্ধি পায়। মূল প্রকল্পটি ৩ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ১ বছর ৯ মাস মেয়াদ বৃদ্ধি করে প্রকল্পটি মোট ৪ বছর ৯ মাস চলমান থাকে। অত্যাবশ্যকীয় না হলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সংস্কৃতি পরিহার করা বাঞ্চনীয়;
২।	প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৪ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। সকল প্রকল্প পরিচালক ছিলেন খন্ডকালীন হিসাবে দায়িত্ব পালন করেন। বারবার প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে;	২।	প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসু করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করা এবং প্রকল্পের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা বাঞ্চনীয় হবে;

স্ট্রেংদেনিং পার্লামেন্টারী ওভারসাইট (এসপিও)
-শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১.০	প্রকল্পের নাম	:	স্ট্রেংদেনিং পার্লামেন্টারী ওভারসাইট (এসপিও) প্রকল্প
২.০	প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ	:	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
৩.০	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
৪.০	প্রকল্পের অবস্থান	:	ঢাকা

৫.০ প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন কালঃ

(লক্ষ টাকা)

প্রাক্কলিত মূল্য		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৬৬৭.৪০ (জিওবি:২১৫.৩০ পিএ: ৩৪৫২.১০)	৩৭৩৫.৩০ (জিওবি:২১৫.৩০ পিএ: ৩৫২০.০০)	২৯০০.৮৭ (জিওবি: - পিএ:২৯০০.৮৭)	জুলাই ২০১০ হতে জুন ২০১৪	জুলাই ২০১০ হতে মার্চ ২০১৬	জুলাই ২০১০ হতে মার্চ ২০১৬	-	১ বছর ৯ মাস (৪৩.৭৫%)

৬.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ পটভূমিঃ

বাংলাদেশ জাতীয় সংসদের সংসদীয় কমিটির কার্যক্রমের সাচিবিক সহায়তা সময়পোযোগী ছিল না এবং সংসদীয় কমিটির কার্যক্রমের তথ্য জনসাধারণের কাছে সহজলভ্য ছিল না। বিশ্বব্যাংকের নেতৃত্বে গঠিত Multi-Donor Trust Fund (UK Aid, EU, DANIDA, CIDA) এর আর্থিক সহায়তায় গৃহীত "Strengthening Public Expenditure Management Programme (SPEMP)" শীর্ষক কর্মসূচীর কম্পোনেন্ট-C এর আওতাভুক্ত একটি কারিগরী সহায়তা প্রকল্প হল "Strengthening Parliamentary Oversight Project (SPO)", যা বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটি বাংলাদেশ জাতীয় সংসদের আর্থিক ব্যবস্থাপনা কার্যক্রম পর্যবেক্ষণের সাথে সম্পর্কিত ৩টি কমিটি যথাক্রমে (১) সরকারী হিসাব সম্পর্কিত স্থায়ী কমিটি, (২) সরকারী প্রতিষ্ঠান সম্পর্কিত কমিটি ও (৩) অনুমিত হিসাব সম্পর্কিত কমিটিকে শক্তিশালীকরণের লক্ষ্যে গ্রহণ করা হয়। SPEMP কর্মসূচিতে অর্থ বিভাগ, সিএজি কার্যালয় এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের জন্য ৩টি পৃথক প্রকল্প ছিল। সংসদীয় কমিটির কার্যক্রম সম্পর্কিত তথ্য জনসাধারণের জন্য সহজলভ্য করা এবং জাতীয় সংসদ সচিবালয়ের বিদ্যমান কাঠামোর মধ্যে ফাইন্যান্সিয়াল ওভারসাইট কমিটিসমূহের সাচিবিক সহায়তা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার জন্য প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬.২ উদ্দেশ্যঃ

(১) জাতীয় সংসদ সচিবালয়ের বিদ্যমান কাঠামোর মধ্যেই ফাইন্যান্সিয়াল ওভারসাইট কমিটিসমূহের সাচিবিক সহায়তা কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়া;

(২) সরকারী তহবিল ব্যবহারের বিষয়ে সংসদীয় নিরীক্ষণ ব্যবস্থার উন্নয়ন;

(৩) সংসদীয় কমিটির কার্যক্রম সম্পর্কিত তথ্যপ্রবাহ জনসাধারণের জন্য অধিকতর সহজলভ্য করা।

৬.৩ প্রকল্পের প্রধান কার্যক্রমসমূহ:

(১) ফাইন্যান্সিয়াল ওভারসাইট কমিটিসমূহকে শক্তিশালী করা;

(২) সংসদীয় সাপোর্ট মেকানিজম এর কার্যকারিতা ও স্থায়ীত্ব বৃদ্ধি করা;

(৩) সংসদীয় ওভারসাইট কমিটিসমূহের তথ্যপ্রবাহে জনসাধারণের প্রবেশাধিকার প্রদান করা;

(৪) সংসদীয় কমিটির কার্যক্রম ও কার্যবিবরণী আধুনিকায়ন এবং স্বয়ংক্রিয় রেকর্ড ম্যানেজম্যান্ট এর ব্যবস্থা করা।

৬.৪ প্রকল্প অনুমোদন এবং সংশোধন:

গত ২৭-১০-২০১০ তারিখে মূল ডিপিপি অনুমোদন করা হয়। পরবর্তীতে প্রকল্পটি একবার সংশোধন করা হয়। গত ১৫.০৬.২০১৪ তারিখে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয় ।

৭.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাপ্ত পিসিআর এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		অগ্রগতি
			আর্থিক (লক্ষ টাকা)	বাস্তব (সংখ্যা)	আর্থিক
১	২	৩	৪	৫	৬
1.	International Consultant	PM	822.71	30	822.71
2.	National Consultant	PM	441.45	152	370.59
3.	MIS Development	LS	739.90	LS	655.24
4.	Other- Consultant for PMCU	LS	60.25	LS	22.15
5	Project personnel pay & others (GoB)	LS	215.30	-	-
6.	Local/Foreign- Training, Workshop	LS	465.85	LS	234.50
7.	Operational Cost	LS	223.24	LS	124.18
8.	IT Maintenance	LS	57.60	LS	12.13
	Capital Component				
1.	Computer	Nos.	93.69	210	93.67
2.	Laptop	Nos.	3.51	5	3.50
3	UPS	Nos.	9.28	210	9.25
4.	Desktop Printer	Nos.	3.00	15	3.00
5.	Printer Mid-Range	Nos.	5.00	6	5.00
6.	Printer High-Range	Nos.	11.00	2	11.00
7.	Networking & Others	Nos.	207.00	LS	207.00
8.	Equipment’s	LS	217.54	LS	206.96
9.	Photocopier	Nos.	15.98	5	6.98
10.	Furniture	LS	35.80	LS	5.79
11.	CD/VAT	LS	107.20	LS	107.19
Total (Revenue + Capital)			**3735.30**		**2900.87**

৮.০ কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

প্রকল্পের অন্তর্ভুক্ত কোন গুরুত্বপূর্ণ কাজ অসমাপ্ত নেই।

৯.০ প্রকল্পের সার্বিক অগ্রগতিঃ

পিসিআর-এর তথ্য অনুযায়ী প্রকল্পের মোট ব্যয় ২৯০০.৮৭লক্ষ টাকা। প্রকল্পের বছরভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের চিত্র নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি			অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	প্র:সা:		মোট	টাকা	প্র:সা:
২০১০-২০১১	১০৭	-	১০৭	১০৭	১১	-	১১
২০১১-২০১২	৫৫০	-	৫৫০	৫৫০	৯৩	-	৯৩
২০১২-২০১৩	১৬০০	-	১৬০০	১৬০০	১১৩৪	-	১১৩৪
২০১৩-২০১৪	১৬০০	-	১৬০০	১৬০০	১১৯২	-	১১৯২
২০১৪-২০১৫	৪০০	-	৪০০	৪০০	১৮৬	-	১৮৬
২০১৫-২০১৬	৩৫৮	-	৩৫৮	২৫৮	২৮৫	-	২৮৫

মূল প্রকল্পের মেয়াদ ছিল ০১ জুলাই ২০১০ হতে ৩০ জুন ২০১৪ পর্যন্ত এবং প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ছিল ৩৬.৬৭ কোটি টাকা যার মধ্যে প্রকল্প সাহায্য ৩৪.৫২ কোটি টাকা (৫ মিলিয়ন ডলার) ও জিওবি ২.১৫ কোটি টাকা। সংশোধিত মোট প্রাক্কলিত ব্যয় ৩৭৩৫.৩০লক্ষ টাকা যার মধ্যে ব্যয় হয়েছে ২৯০০.৮৭ লক্ষ টাকা যা টিপিপি অনুযায়ী মোট প্রকল্প সাহায্যের প্রায় ৮২.৪১%। উল্লেখ্য, পরবর্তীতে উন্নয়ন সহযোগীদের বরাদ্দ ০.৮ মিলিয়ন ডলার কর্তনের ফলে আরপিএ খাতে বরাদ্দ দাড়ায় ৩২০০.৫৯ লক্ষ টাকা। উল্লেখ্য, জিওবি খাতে বরাদ্দকৃত ২১৫.৩০ লক্ষ টাকা হতে কোন টাকা ব্যয় হয়নি। প্রকল্পের আওতায় কোন জনবল নিয়োগ করা হয়নি বিধায় জিওবি খাতের কোন অর্থ ব্যয় হয়নি।

১০.০ প্রকল্পের প্রধান প্রধান প্যাকেজের প্রকিউরমেন্টের চিত্র নিম্নরূপ (প্রকল্প অফিসের তথ্য অনুসারে):

Goods:

Package	Package Description	Estimated Price (in Lakh)	Contract Price (in Lakh)	Planned Date of Contract Signing	Actual Date of Contract Signing	Planned Date of Delivery	Actual Date of Delivery
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
G-1 (4 Pac)	Supply and installation of computers, peripherals, other relevant digital gadgets, ancillary items, Office Equipment's & other accessories etc. for PMCU and Bangladesh Parliament Secretariat	592.85	1.31 for lot-1),	31.10.2012	02.01.2013	28.02.2013	20.4.2013
			(BDT 233.55 for lot-2),	30.08. 2012	03.01.2013	28.02.2013	30.9.2013
			(BDT 33.38 for lot-3) and	12.09.2012	02.01.2013	28.02.2013	15.4.2013
			(US$ 1.78 + BDT 17.96 for lot-4)	12.09.2012	03.01.2013	28.02.2013	25.6.2013
G-2	Supply and installation of heavy duty photocopy machine and other ancillary items for SPO Project office	7.00	6.98	14.07.2011	23.08.2011	31.07.2011	23.08.11
G-3	Supply and installation of air-	4.00	3.59	10.07.2012	28.06.2012	31.07.2012	12.07.12

Pack age	Package Description	Estimated Price (in Lakh)	Contract Price (in Lakh)	Planned Date of Contract Signing	Actual Date of Contract Signing	Planned Date of Delivery	Actual Date of Delivery
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)
	conditioner and other ancillary items for SPO Project office (Lot-2)						
G-5	Supply and installation of Computers, Desktop Laser Printers, scanner, other accessories, computer chair and table/desk etc.	5.00	4.78	07.02.2012	06.02.12	14.02.2012	08.02.12
G-6	Supply of handheld smart gadget, such as i-Pad2 or equivalent including 3G / GSM internet connection and accessories	3.75	2.92	30.10.2011	30.11.2011	31.12.2011	12.12.11
G-22	Procurement of partition and furniture for PAC office	5.00	4.99	12.01.2016	20-03-2016	30-03-2016	30-03-16

Service:

Package	Contract Description	Estimated Price (in Lakh Taka)	Actual Contract Price in Contract Currency	Planned Date of Contract Signing	Actual Date of Contract Signing	Planned Date of Completion	Actual Date of Completion
S-1	Management and Implementation Support Consultant (MISC) - Firm	1891.99	1891.99	28.02.2012	09.04.12	30.06.2014	30-12-15
S-2	Individual Consultant- Procurement Specialist – National Expert	31.00	18.44	01.07.2011	23.08.2011	15.03.2013	15.08.12
S- 14	Individual Consultant- Financial Management Specialist – National Expert	15.00	12.13	01.07.2011	30.01.12	30.06.2014	31-03-16
S-15	National Consultants (MIS)	24.00	18.00	01.10.2014	15-05-2015	31.12.2015	31-03-16
S-16	Hiring of MIS maintenance and development firm for providing technical support to the FOCs regarding MIS based new business process.	20.00	15.70	28.12.2015	01-03-2016	31.03.2016	31-03-16

১১.০ পরিদর্শন পর্যবেক্ষণ:

গত ১৫/১১/২০১৬ তারিখে প্রকল্পটি আইএমইডি'র পরিচালক জনাব মোঃ শামীমুল হক কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প পরিচালক জনাব মোঃ মোস্তাফা গাউছুল হক উপস্থিত ছিলেন। পরিদর্শন পর্যবেক্ষণ নিম্নে উল্লেখ করা হলোঃ

১১.১ প্রকল্পের তথ্য অনুসারে জাতীয় সংসদের ফাইন্যান্সিয়াল ওভারসাইট কমিটিসমূহকে শক্তিশালী করা এবং সংসদীয় সাপোর্ট মেকানিজম এর কার্যকারিতা ও স্থায়ীত্ব বৃদ্ধি করার জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং বিভিন্ন মডেলের ২১৮টি প্রিন্টার ও ২১৮টি ইউপিএস, ৬টি কালার প্রিন্টার, ২১০টি ডেস্কটপ কম্পিউটার, ২টি ফটোকপিয়ার মেশিন, ৮টি ল্যাপটপ কম্পিউটার, ০৩টি এসি, ৮টি স্ক্যানার বিতরণ করা হয়েছে। সাপোর্ট মেকানিজম হিসেবে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) এর মাধ্যমে কমিটি বৈঠক পরিচালনা করা হচ্ছে।

চিত্র: প্রকল্প অফিসে প্রকল্প সংক্রান্ত আলোচনা

১১.২ প্রকল্পের রেকর্ড অনুযায়ী সংসদীয় কমিটির কার্যক্রম ও কার্যবিবরণী আধুনিকায়ন এবং স্বয়ংক্রিয় রেকর্ড ম্যানেজম্যান্ট ব্যবস্থায় আনার জন্য ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) প্রস্তুত করা হয়েছে। কম্পিউটার বিতরণসহ ৫টি সার্ভার এবং বেক-আপ ডিভাইস ৫টি, ভিডিও কনভারেন্স ডিভাইস ১টি, স্ক্রিনসহ প্রোজেক্টর ৬টি স্থাপন করা হয়েছে।

চিত্র: প্রকল্পের আওতায় আয়োজিত ওয়ার্কশপ

১১.৩ প্রকল্পটি বাস্তবায়ন করতে মোট ৪ বছর ৯ মাস সময় লেগেছে। মূল অনুমোদিত ডিপিপিতে বাস্তবায়নকাল ছিল ৩ বছর, ১ম সংশোধনের সময় বাস্তবায়নকাল আরও ১বছর ৯ মাস বাড়ানো হয়।

১১.৪ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৪ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ফলে বাস্তবায়ন কিছুটা বিলম্বিত হয়েছে।

১১.৫ সংসদীয় ওভারসাইট কমিটিসমূহের তথ্য প্রবাহে জনসাধারণের প্রবেশাধিকার প্রদান করার জন্য ৩টি ওভারসাইট কমিটির জন্য আলাদা আলাদা ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে এবং এগুলো হালনাগাদ করা হচ্ছে বলে প্রকল্প থেকে জানানো হয়।

১১.৬ পার্লামেন্টারী ওভারসাইট শক্তিশালী করার জন্য সৃষ্ট সুযোগ-সুবিধাদি টেকসই করার নিমিত্ত ইক্যুইপমেন্টসমূহ রাজস্ব খাতের আওতাভূক্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

১২.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রমিক নং	নাম ও পদবী	প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালনকাল
১)	জনাব এ এস এম মাহবুবুল আলম, যুগ্ম সচিব	সেপ্টেম্বর ২০১০-ডিসেম্বর ২০১৩
২)	জনাব একে মহিউদ্দিন আহমদ, যুগ্ম সচিব	জানু ২০১৪ - ডিসেম্বর ২০১৪
৩)	জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম খান, যুগ্ম সচিব	জানু ২০১৫ - জুন ২০১৬
৪)	জনাব মোঃ মোস্তা গাউছুল হক, পরিচালক	জুলাই ২০১৫ - মার্চ ২০১৬

১৩.০ প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল
ক)	ফাইন্যান্সিয়াল ওভারসাইট কমিটি সমূহকে শক্তিশালীকরণ।	ফাইন্যান্সিয়াল ওভারসাইট কমিটির অর্গানোগ্রাম পুনর্গঠন এবং নূতন পদ সৃষ্টি করা হয়েছে। কম্পিউটারসহ আইটি সরঞ্জামাদি প্রদান করা হয়েছে।
খ)	সংসদীয় সাপোর্ট মেকানিজম এর কার্যকারিতা ও স্থায়ীত্ব বৃদ্ধি করা।	সার্ভার, কম্পিউটার, ভিডিও কনফারেন্স সিস্টেম ইত্যাদি সরবরাহ এবং কমিটিসমূহের জনবল বৃদ্ধি, প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সাপোর্ট মেকানিজম হিসেবে ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)এর মাধ্যমে কমিটি বৈঠক পরিচালনা করা হচ্ছে।
গ)	সংসদীয় ওভারসাইট কমিটি সমূহের তথ্যপ্রবাহে জনসাধারণের প্রবেশাধিকার প্রদান করা।	৩টি ওভারসাইট কমিটির জন্য আলাদা আলাদা ওয়েবসাইট প্রস্তুত করাসহ হালনাগাদ করা হচ্ছে।
ঘ)	সংসদীয় কমিটির কার্যক্রম ও কার্যবিবরণী আধুনিকায়ন এবং স্বয়ংক্রিয় রেকর্ড ম্যানেজম্যান্ট।	ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)-এর মাধ্যমে সংসদীয় কমিটির কার্যক্রম ও কার্যবিবরণী আধুনিকায়ন এবং স্বয়ংক্রিয় রেকর্ড ম্যানেজমেন্ট হচ্ছে।

১৪.০ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে এর কারণঃ

প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে। গুরুত্বপূর্ণ কোন কাজ বাকী নেই।

১৫.০ প্রকল্প বাস্তবায়ন সমস্যাঃ

প্রকল্প বাস্তবায়নে কোন প্রকার সমস্যা হয়নি। তবে প্রকল্প বাস্তবায়নকালে ০৪ (চার) জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ফলে প্রকল্প বাস্তবায়নে কিছুটা বিলম্বিত হয়েছে। এছাড়া, প্রকল্প বাস্তবায়নের জন্য নিয়োজিত ম্যানোজমেন্ট ইমপ্লিমেন্টেশন সাপোর্ট কনসালটেন্ট ফার্ম কতৃক উন্নয়নকৃত ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমটি (এমআইএস) প্রকল্পের

মূল মেয়াদে যথাযথভাবে কার্যকরী হয়নি। এমআইএসটি প্রয়োজনীয় উন্নয়নের মাধ্যমে কার্যকরী ও ব্যবহার উপযোগী করতে মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে।

১৬.০ আইএমইডি'র পর্যবেক্ষণ:

১৬.১ জাতীয় সংসদের ফাইন্যান্সিয়াল ওভারসাইট কমিটিসমূহকে শক্তিশালী করা এবং সংসদীয় সাপোর্ট মেকানিজম এর কার্যকারিতা ও স্থায়ীত্ব বৃদ্ধি করার জন্য বিভিন্ন মডেলের ২১৮টি প্রিন্টার ও ২১৮টি ইউপিএস, ৬টি কালার প্রিন্টার, ২১০টি ডেস্কটপ কম্পিউটার, ২টি ফটোকপিয়ার মেশিন, ৮টি ল্যাপটপ কম্পিউটার, ০৩টি এসি, ৮টি স্ক্যানার বিতরণ করার রেকর্ড প্রকল্প অফিসে পাওয়া যায়;

১৬.২ প্রকল্পের তথ্য অনুযায়ী সংসদীয় কমিটির কার্যক্রম ও কার্যবিবরণী আধুনিকায়ন এবং স্বয়ংক্রিয় রেকর্ড ম্যানেজম্যান্ট ব্যবস্থায় আনার জন্য ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস) প্রস্তুত করা হয়েছে। কম্পিউটার বিতরণসহ ৫টি সার্ভার এবং বেক-আপ ডিভাইস ৫টি, ভিডিও কনভারেন্স ডিভাইস ১টি, স্ক্রিনসহ প্রোজেক্টর স্থাপন করা হয়েছে ;

১৬.৩ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে ৪ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। সকল প্রকল্প পরিচালক ছিলেন খন্ডকালীন হিসাবে দায়িত্ব পালন করেন। বারবার প্রকল্প পরিচালক পরিবর্তনের ফলে প্রকল্পের বাস্তবায়ন বিলম্বিত হয়েছে ;

১৬.৪ সংসদীয় ওভারসাইট কমিটি সমূহের তথ্যপ্রবাহে জনসাধারণের প্রবেশাধিকার প্রদান করার জন্য ৩টি ওভারসাইট কমিটির জন্য আলাদা আলাদা ওয়েবসাইট প্রস্তুত করা হয়েছে ;

১৬.৫ পার্লামেন্টারী ওভারসাইট শক্তিশালী করার জন্য সৃষ্ট সুযোগ-সুবিধাদি টেকসই করার নিমিত্ত ইক্যুইপমেন্টসমূহ জাতীয় সংসদ সচিবালয়ের রাজস্ব খাতের আওতাভূক্ত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে প্রকল্প থেকে জানানো হয় ; এবং

১৬.৬ মূল অনুমোদিত ডিপিপিতে বাস্তবায়নকাল ৩ বছর থাকলেও সংশোধনের সময় বাস্তবায়নকাল আরও ১বছর ৯ মাস বাড়ানোর ফলে মোট বাস্তবায়ন কাল হয় ৪ বছর ৯ মাস। এতে মেয়াদ বৃদ্ধি পায় ৪৩.৭৫%।

১৭.০ সুপারিশঃ

১৭.১ সময় বৃদ্ধির সাথে সাথে কিছু কিছু খাতের ব্যয় (যেমন-জনবলের বেতন ভাতা, যানবাহন মেরামত/পরিচালন ইত্যাদি)বৃদ্ধি পায়। মূল প্রকল্পটি ৩ বছর মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ১ বছর ৯ মাস মেয়াদ বৃদ্ধি করে প্রকল্পটি মোট ৪ বছর ৯ মাস চলমান থাকে। অত্যাবশ্যকীয় না হলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির সংস্কৃতি পরিহার করা বাঞ্চনীয় (অনুচ্ছেদ-১৬.৬);

১৭.২ সরবরাহকৃত ফটোকপিয়ার মেশিন, কম্পিউটার, প্রিন্টার, ইউপিএস, এসি, ফ্যাক্স মেশিন, ভল্টেজ স্টেবলাইজার, স্ক্যানার, সার্ভার এবং বেক-আপ ডিভাইস, ভিডিও কনভারেন্স ডিভাইস, স্ক্রিনসহ প্রোজেক্টর ইত্যাদির যথাযথ ব্যবহার, মেরামত ও প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৬.১ – ১৬.২);

১৭.৩ প্রকল্পের আওতায় সৃষ্ট সকল আইটি সুযোগ-সুবিধা টেকসই করার জন্য আইটি সেক্টরের সহায়ক জনবল রাজস্ব খাতে নিয়োগসহ প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৬.২);

১৭.৪ প্রকল্প বাস্তবায়ন নির্বিঘ্ন ও ফলপ্রসু করার লক্ষ্যে ভবিষ্যতে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করা এবং প্রকল্পের জন্য পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা বাঞ্চনীয় হবে (অনুচ্ছেদ-১৬.৩);

১৭.৫ সংসদীয় ওভারসাইট কমিটিসমূহের তথ্যপ্রবাহে জনসাধারণের প্রবেশাধিকার প্রদান করার নিমিত্ত ওভারসাইট কমিটির জন্য প্রস্তুতকৃত ৩টি আলাদা আলাদা ওয়েবসাইট সচল রাখাসহ হালনাগাদ করার ব্যবস্থা জাতীয় সংসদ সচিবালয় কর্তৃক নিশ্চিত করতে হবে (অনুচ্ছেদ-১৬.৪); এবং

১৭.৬ অনুচ্ছেদ ১৭.১-১৭.৫ এর আলোকে গৃহীত কার্যাবলী আগামী ১ (এক) মাসের মধ্যে আইএমই বিভাগকে অবহিত করতে হবে।